

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৬

কাঞ্চনপুর, ৮ মে, ২০২৪

কাঞ্চনপুর মহকুমায় রবীন্দ্র জন্মজয়ন্তী

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে আজ কাঞ্চনপুর মহকুমায় কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়। কাঞ্চনপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে কাঞ্চনপুর টাউন হলে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমার বিশিষ্ট শিল্পী দীপমালা নাথ, মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য কমলেন্দু নাথ, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের এসআইও বিদ্যামোহন জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন এলাকার শিল্পীগণ রবীন্দ্র সংগীত ও রবীন্দ্র নৃত্য পরিবেশন করেন।
